

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী প্রকৌশলীর কার্যালয়  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
লালপুর, নাটোর।



শেখ হাসিনার মুদ্রণীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬

তারিখঃ ১৭/০২/২০২২ খ্রিঃ

প্রেরক,

উপ-সহকারী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
লালপুর, নাটোর।

প্রাপক,

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
লালপুর, নাটোর।

বিষয়ঃ স্থায়ী কমিটির সভার প্রস্তাব প্রসংগে।

যথাযথ সম্মান পূর্বক উপযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিশুদ্ধ পানি ও নিরাপদ স্যানিটেশন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা ২০/০২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে অনুষ্ঠিত করার জন্য প্রস্তাবনা দেয়া হলো।  
অতএব, উক্ত তারিখে সভার আয়োজনের সভাপতি সহ সকল সদস্যবৃন্দ কে অনুমতির জন্য বিনীত অনুরোধ করছি।

রবিন আহমেদ  
উপ-সহকারী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
লালপুর, নাটোর।

স্থায়ী কমিটির সভা ফেব্রুয়ারি /২০২২ মাসের কার্য-বিবরণী

সভাপতিঃ

মোঃ মনোয়ার হোসেন মনি - (উপজেলা ভাইস চেয়ারম্যান)

তারিখঃ

ফেব্রুয়ারি/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

স্থানঃ

উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দঃ

নামঃ-

১। মোঃ মনোয়ার হোসেন মনি-

(উপজেলা ভাইস চেয়ারম্যান)

২। চেয়ারম্যান, ০৪ নং আড়বাব ইউপি,

লালপুর নাটোর।

৩। মোঃ আনোয়ার হোসেন ০১ নং ওয়ার্ড সদস্য,

০৫ নং বিলমাড়িয়া ইউপি, লালপুর নাটোর।

৪। মোছাঃ শারমিন আক্তার, সংরক্ষিত সদস্য,

০৬ নং দুয়ারিয়া ইউপি, লালপুর, নাটোর।

৫। রবিন আহমেদ

(উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী)

সভাপতি

সদস্য

সদস্য

সদস্য

সদস্য সচিব

সম্পর্কিত স্থায়ী কমিটির সভা ২০/০২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে সভায় অংশগ্রহণের জন্য কমিটির সকল সদস্য কে ধন্যবাদ জানান, এবং স্যানিটেশন সেবার মান উন্নয়নে কার্যকরী ও দিক নির্দেশনামূলক বক্তব্য রাখার আহবান জানান।

ক্রমিক নং-	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়ন
০১	আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের কার্যক্রম প্রসঙ্গে	রবিন আহমেদ, উপ-সহকারী প্রকৌশলী, জঃস্বাঃপ্রঃঅঃ, লালপুর, নাটোর, সভাকে জানান ২০২১-২২ বরাদ্দ অনুসারে অত্র উপজেলার প্রতিটি বাড়িতে তাদের ব্যবহারকৃত নলকূপের পানিতে আর্সেনিকের মাত্রা ঝুঁকিপূর্ণ কিনা তার যথার্থ পরীক্ষা করণের প্রয়োজনীয়তার লক্ষে আর্সেনিক টেস্টারগন তাদের পরীক্ষা কার্যক্রম করতে যাচ্ছে এবং এর ঝুঁকি সম্পর্কে মানুষের মাঝে জনসচেতনতা বৃদ্ধিতে আমরা কাজ করে যাচ্ছি।	জঃস্বাঃপ্রঃঅঃ
০২	সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কার্যক্রম	অত্র লালপুর উপজেলার ইউনিয়ন ভিত্তিক ২৬ টি করে মোট ২৬০ টি সাব-মারসিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে, যা লালপুরবাসীর অনেকাংশ শুষ্ক মৌসুমে	উপজেলা ও ইউনিয়ন ওয়াটসান কমিটি

স্থায়ী কমিটির সভা ফেব্রুয়ারি /২০২২ মাসের কার্য-বিবরণী

	প্রসঙ্গে	পানির চাহিদা মিটাতে সক্ষম হবে এবং যার সুষ্ঠু বন্টনে সচেতনতার জন্য অনুরোধ করছি।	
০৩	রিং স্লাবের প্রয়োজনীয়তা সম্পর্কে	অত্র দপ্তরে এই অর্থ বছর স্যানিটেশনের কোন বরাদ্দ নেই। যার ফলে অনেক হতদরিদ্র মানুষ অন্যত্র স্যানিটেশনের বিকল্প খুঁজে ব্যবহার করছে যা পরিবেশের জন্য ক্ষতিকর। তাই এডিপি থেকে রিং স্লাবের ব্যবস্থা করলে তারা উপকৃত হতো।	উপজেলা প্রশাসন

সভাপতি মহোদয় আজকের সভায় অংশগ্রহণের জন্য ও মূল্যবান বক্তব্য প্রদান করে সভাকে সাফল্যমণ্ডিত করায় উপস্থিত সকল কে আন্তরিক ভাবে ধন্যবাদ জানান।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় আবারও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মনোয়ার হোসেন মনি  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
লালপুর, নাটোর।  
ও  
সভাপতি  
স্থায়ী কমিটি

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ
- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
  - ২। উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর।



মোঃ মনোয়ার হোসেন মনি  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
লালপুর, নাটোর।  
ও  
সভাপতি  
স্থায়ী কমিটি